



বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

27 February 2024

West Bengal News

সিঙ্গালিলা জাতীয় উদ্যান

প্রসঙ্গ:

- সম্প্রতি, বন বিভাগ গৃহীত সিঙ্গালিলা জাতীয় উদ্যানের ভিতরে পোনি (টোটু ঘোড়া) চলাচল নিষিদ্ধ করার সিদ্ধান্ত স্থানীয়দের মধ্যে ক্ষোভের জন্ম দিয়েছে। এই জাতীয় উদ্যান সান্দাকফুতে ট্রেকিং রুটের জন্য পরিচিত।
- এই প্রাণীগুলির মাধ্যমে পার্কের অন্যান্য বন্যপ্রাণীর মধ্যে রোগ ছড়িয়ে পড়ার উদ্বেগের ভিত্তিতে এই নিষেধাজ্ঞাটি করা হয়েছে।
- যেসব গ্রামবাসীরা প্রজন্ম ধরে আয়ের জন্য পনি রাইডের উপর নির্ভরশীল, তারা এই পদক্ষেপের বিরোধিতা করেছে।

সম্পর্কিত:

- সিঙ্গালিলা জাতীয় উদ্যান হল ভারতের একটি জাতীয় উদ্যান যা পশ্চিমবঙ্গের দার্জিলিং জেলায় সমুদ্রপৃষ্ঠ থেকে **7000** ফুটেরও বেশি উচ্চতায় সিঙ্গালিলা শৈলশিরায় অবস্থিত।
- এটি সান্দাকফু যাওয়ার ট্রেকিং রুটের জন্য সুপরিচিত।
- এই উদ্যানটি পূর্ব হিমালয়ের অংশ।
- পশ্চিমবঙ্গের দুটি সর্বোচ্চ শৃঙ্গ, সান্দাকফু (**3630** মিটার) এবং ফালুট (**3600** মিটার) এই উদ্যানের ভিতরে অবস্থিত। রামমাম এবং সিরিখোলা নদীদুটি এই উদ্যানের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে।
- সিঙ্গালিলা জাতীয় উদ্যান দার্জিলিং বন্যপ্রাণী বিভাগ দ্বারা পরিচালিত। এটি 78 বর্গ কিলোমিটার বিস্তৃত এবং এখানে লাল পান্ডা, হিমালয়ান কালো ভাল্লুকসহ প্রায় **350** টি পাখির প্রজাতি রয়েছে।
- কাঞ্চনজঙ্ঘা রেঞ্জের নৈসর্গিক দৃশ্য এবং এভারেস্ট রেঞ্জের দেখা মেলার কারণে সিঙ্গালিলা শৈলশিরা বরাবর সান্দাকফু এবং ফালুত পর্যন্ত ট্রেকটি পূর্ব হিমালয়ের অন্যতম জনপ্রিয় একটি ট্রেক।



বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

তিস্তা নদী

প্রসঙ্গ:

- পশ্চিমবঙ্গ সেচ বিভাগ আসন্ন বর্ষার আগে জলপাইগুড়ি এবং কোচবিহার জেলায় তিস্তা এবং অন্যান্য নদীর বাঁধ মেরামতের জন্য প্রায় 28 কোটি টাকা বরাদ্দ করেছে।

গুরুত্বপূর্ণ দিক:

- তিস্তা নদী হিমালয় থেকে উৎপন্ন হয় এবং বাংলাদেশে প্রবেশের আগে ভারতের সিকিম ও পশ্চিমবঙ্গ রাজ্যের মধ্য দিয়ে প্রবাহিত হয়। বাংলাদেশে এটি ব্রহ্মপুত্রে মিলিত হয়।
- উত্তর সিকিমের হিমালয়ে 5,330 মিটার (17,487 ফুট) উচ্চতায় অবস্থিত সো লামো হ্রদ হল তিস্তা নদীর উৎস।
- আসলে নদীর বাংলা নাম তিস্তা এসেছে ত্রিস্রোতা বা তিন স্রোত থেকে। একে সিকিম ও উত্তরবঙ্গের লাইফলাইন বলা হয়।

Copyright © by Adda247

All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.